

তারিখ
 পৃষ্ঠা ১২ কলাম ৩



ভিকারুন নিসার নূন সুবর্ণ জয়ন্তী উদ্বোধন

**শিক্ষার্থীদের প্রকৃত শিক্ষা
 গ্রহণের উপদেশ
 দিলেন রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি অধ্যাপক এ. কিউ. এম বদরুদ্দোজা চৌধুরী দুর্নীতি ও সন্ত্রাসমুক্ত সুখী সমাজ গঠনে সহায়তা করতে শিক্ষার্থীদের প্রকৃত শিক্ষায় শিক্ষিত হওয়ার উপদেশ প্রদান করেছেন।

রাষ্ট্রপতি পরিবার ঢাকার ভিকারুন নিসা নূন স্কুল ও কলেজের সুবর্ণ জয়ন্তী উদ্বোধন উপলক্ষে এই বক্তব্য রাখেন। বাসস।
 অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখতে গিয়ে রাষ্ট্রপতি আরও বলেন, নারী শিক্ষার সঠিক ও ব্যাপক প্রসার ছাড়া রাষ্ট্রপতি (১২-এর পৃষ্ঠায় পর)

রাষ্ট্রপতি অধ্যাপক এ. কিউ. এম বদরুদ্দোজা চৌধুরী গতকাল শনিবার ঢাকার ভিকারুন নিসা নূন স্কুল ও কলেজের সুবর্ণ জয়ন্তী উদ্বোধন করেন।

রাষ্ট্রপতি : উপদেশ
 (১২-এর পৃষ্ঠায় পর)

দেশের উন্নয়ন মন্ত্রের নয়। সমাজের কলিকত অগ্রগতি ও উন্নয়ন মাধনে পুঙ্খ শিক্ষার পাশাপাশি নারী শিক্ষার প্রসারের ওপরও তিনি গুরুত্ব আরোপ করেন। রাষ্ট্রপতি বলেন, শিশুদের স্বাস্থ্যবান ও মেধাবী হিসেবে গড়ে তুলতে সমাজে বাবার চেয়ে মায়ের ভূমিকা অনেক বেশি। আর এ ক্ষেত্রে এক অশিক্ষিত মায়ের তুলনায় এক শিক্ষিত মা অনেক কার্যকর ও ফলপ্রসূ ভূমিকা রাখতে পারেন। রাষ্ট্রপতি তার বক্তব্যে মায়িত্বশীল ও সুনামগড়িক হিসেবে নিজেকে তৈরি করার জন্য শিক্ষার্থীদেরকে পড়াশোনার প্রতি আরও মনোযোগী হওয়ার আহ্বান জানান। রাষ্ট্রপতি এরপর ভিকারুন নিসা নূন স্কুল ও কলেজের ৪ দিনব্যাপী সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন করেন।
 অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, ভিকারুন নিসা নূন স্কুল ও কলেজের অধ্যক্ষ হামিদা আশী। বক্তব্য রাখেন, এ প্রতিষ্ঠানের গভর্নিং বডির চেয়ারম্যান মেজর (অব.) আবদুল মান্নান এমপি এবং ভিকারুন নিসা নূন অ্যাসোসিয়েশনের সচিবপতি ফরিদা পেখ। রাষ্ট্রপতি পত্নী হাসিনা ওয়ার্ন চৌধুরীও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।